

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
(বোর্ড প্রশাসন-১ শাখা)  
www.nbr.gov.bd



নথি নং-৯(৪) বোর্ড প্রশাসন-১/২০০৮

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ ইসহাক, সঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বিশ্ব শুল্ক সংস্থায় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস, বেলজিয়ামের মিনিষ্টার (কাস্টসম) এর দপ্তরে কর্মরত তাঁর স্ত্রী পরিবারের সাথে বসবাস করার নিমিত্ত ২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখের ০৯(৪) বোর্ড প্র-১/২০০৮/১৮২ নং স্মারকমূলে ০৬/০৩/২০২৪ খ্রি. তারিখ হতে ০৫/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত মোট ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটি মঞ্জুর হলেও বিনা অনুমতিতে অতিরিক্ত প্রায় ০১ (এক) মাসেরও বেশি সময় অনুপস্থিত থেকে গত ২০/০৬/২০২৪ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে যোগদান করেন। তিনি ২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখের ০৯(৪) বোর্ড প্র-১/২০০৮/৬১২ নং স্মারকমূলে ০৬/০৯/২০২৪ খ্রিঃ হতে ০৫/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের বিনা বেতনে অসাধারণ ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুর হলেও বিনা অনুমতিতে অতিরিক্ত প্রায় ০১ (এক) মাস অনুপস্থিত থেকে গত ০৫/১০/২০২৫ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে যোগদান করেন। পরবর্তীতে তিনি ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন; এবং

০২। যেহেতু, জনাব মোঃ ইসহাক, সঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ), ২(চ), ৩(খ) ও ৩(গ) অনুসারে 'অসদাচরণ' ও 'পলায়ন (Desertion)' এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ ধারা অনুযায়ী জনাব মোঃ ইসহাক, সঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা'কে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

০৪। তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-৯(৪) বোর্ড প্রশাসন-১/২০০৮/২৫৭

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

### জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব মোঃ ইসহাক, সঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।